

২০০৯-২০১০ সনে এমপিওভুক্তির জন্য নির্বাচিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক এমপিও প্রণয়ন সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশিকা।

- ১। আগামী ২০.০৫.২০১০ বৃহস্পতিবারের মধ্যে সভাপতি/জেলা শিক্ষা অফিসারের অগ্রায়ণপত্র প্রয়োজনীয় কাগজপত্র ০৪ ফেব্রুয়ারি ২০১০ তারিখে জারীকৃত শিক্ষামন্ত্রণালয়ের নির্ধারিত ছক মোতাবেক মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে পৌছাতে হবে।
- ২। প্রতিষ্ঠানের স্বীকৃতিপত্র জমা দিতে হবে।
- ৩। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কমিটির সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ৪। এমপিওভুক্তি সংক্রান্ত মন্ত্রণালয়ের জি.ও জমা দিতে হবে।
- ৫। ১৫০ টাকার ননজুডিসিয়াল স্ট্যাম্পে প্রতিষ্ঠানের গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির সভাপতি ও প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত অঙ্গীকারনামার মূল কপি জমা দিতে হবে ( অঙ্গীকারনামার নমুনা নিম্নে দ্রষ্টব্য)।
- ৬। নির্ধারিত শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষক-কর্মচারীদের পূরণকৃত জরিপ ফরম সভাপতি/জেলা শিক্ষা অফিসারের প্রতিস্বাক্ষর থাকতে হবে।
- ৭। প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীদের বিবরণী ব্যাংক একাউন্ট নম্বরসহ প্রতিষ্ঠান প্রধান, গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির সভাপতি/জেলা শিক্ষা অফিসারের প্রতিস্বাক্ষরসহ জমা দিতে হবে।
- ৮। স্কুল এন্ড কলেজের ক্ষেত্রে স্কুল শাখার শিক্ষক-কর্মচারীদের এমপিও কপি ও পূর্ণ বিবরণী (শিক্ষক-কর্মচারীদের) জমা দিতে হবে।
- ৯। শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও প্রণয়নের ক্ষেত্রে সরকারের বিদ্যমান নির্ধারিত নীতিমালা ও প্যাটার্ন ০৪/০২/২০১০ মোতাবেক অনুসরণ করতে হবে।
- ১০। শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে দৈনিক পত্রিকায় প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তির পূর্ণ পৃষ্ঠাব্যাপী সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ১১। শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে টেবুলেশন সীটে (সভাপতি, ডিজি'র প্রতিনিধি ও প্রতিষ্ঠান প্রধানের) নামের সীলমোহরসহ স্বাক্ষর থাকতে হবে।
- ১২। শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বাছাই কমিটিতে বিধি মোতাবেক সরকারি প্রতিনিধি সংক্রান্ত সত্যায়িত কাগজপত্র জমা দিতে হবে। (উচ্চ মাধ্যমিক কলেজ ও আলিম/ফাজিল মাদরাসার জন্য প্রযোজ্য)
- ১৩। শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বাছাই কমিটির সুপারিশ গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির সভায় অনুমোদনের রেজুলেশন জমা দিতে হবে।
- ১৪। বিএসসি (গণিত), জীববিদ্যা/কৃষি শিক্ষক ও প্রদর্শক নিয়োগের ক্ষেত্রে দ্বাতক পর্যায়ের পাশের নম্বরপত্র জমা দিতে হবে। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অন্য কোন বিএসসি শিক্ষক কর্মরত থাকলে (এমপিওভুক্ত) তার ডিগ্রি পর্যায়ের নম্বরপত্র জমা দিতে হবে।
- ১৫। হিন্দু ধর্মের শিক্ষক এমপিওভুক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে প্রতিষ্ঠানের মোট ছাত্র-ছাত্রী'র বিবরণ জেলা শিক্ষা অফিসারের প্রতিবেদনসহ পেশ করতে হবে।
- ১৬। কম্পিউটার শিক্ষক এমপিওভুক্তির ক্ষেত্রে নির্ধারিত শিক্ষা বোর্ড কর্তৃক কম্পিউটার বিষয়ের অনুমোদনপত্রসহ নট্রামস বা সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠানসমূহ থেকে কম্পিউটার বিষয়ের ন্যূনতম ০৬ (ছয়) মাস প্রশিক্ষণের সনদ থাকতে হবে।
- ১৭। শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তির ক্ষেত্রে সকল কাগজপত্র (নিয়োগ বিজ্ঞপ্তি/রেজুলেশন/শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদি) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত হতে হবে। উল্লেখ্য, নিম্নমাধ্যমিক, মাধ্যমিক, দাখিল মাদরাসার সকল কাগজ জেলা শিক্ষা অফিসার সত্যায়িত করবেন।
- ১৮। শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তির লক্ষ্যে ০৪/০২/২০১০ তারিখে জারীকৃত নীতিমালার পরিশিষ্ট-৩,৮,৯ মোতাবেক আবেদনপত্র মাউশি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

#### অঙ্গীকার পত্র (নমুনা)

আমরা এই মর্মে প্রত্যয়ন করছি যে, আমাদের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীগণের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান সংক্রান্ত দাখিলকৃত যে সকল কাগজপত্র/তথ্য দেওয়া আছে তা সঠিক ও সত্য। এই তথ্যসমূহের মধ্যে কোনটি অসত্য প্রমাণে প্রতিষ্ঠানটির শিক্ষক-কর্মচারীদের অনুদান সরকার বন্ধ করলে আমরা কোন আপত্তি উত্থাপন করতে পারব না। সেরূপ কোন আপত্তি থাকলে তা আইনত অগ্রাহ্য হবে।

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল (নামসহ)

স্বাক্ষর ও সীল  
সভাপতি, গভর্নিং বডি/ব্যবস্থাপনা কমিটি